# মৎস্যজীবীদের কথা

COAST Trust
COAST has Special Consultative Status with the UN ECOSOC

দক্ষিণ-পূর্ব এশিয়ার ক্ষুদ্র মৎস্যজীবী এবং উপকূলীয় মৎস্য চাষে জেন্ডার সমতা ও নায্যতার জন্য প্রমাণ ভিত্তিক এ্যাডভোকেসি জোরদার করা প্রকল্পটি বাংলাদেশ, ভারত ও থাইল্যন্ডে বাস্তায়িত হচ্ছে। দেশের ভোলা, ককসবাজার ও বাগেরহাট জেলায় বাস্তবায়িত হচ্ছে। আর্থিক সহযোগিতায় সুইড বায়ো

১ম বর্ষ। ১০ম সংখ্যা নভেম্বর-২০২০ খ্রিস্টাব্দ ১৪২৬ বঙ্গাব্দ

**প্রকল্পের নাম : জেন্ডার ও কোস্টাল এ্যাকুয়াকালচার**

(এশিয়ার ক্ষুদ্র মৎস্যজীবী এবং উপকূলীয় মৎস্য চায়ে জেন্ডার সমতা ও নায্যতার জন্য প্রমাণ ভিত্তিক এ্যাডভোকেসি জোরদার) প্রকল্পের কর্ম এলাকা

## ওয়ার্ড ভিত্তিক মৎস্য দলে পরিকল্পনা সভা সম্পন্ন



কোস্ট ট্রাস্টের আয়োজনে দাতাসংস্থা সুইডবায়ো এর অর্থায়নে অংশীদারীত্বের ভিত্তিতে বাস্তবায়িত জেন্ডার এন্ডকোস্টাল এ্যাকুয়াকালচার

প্রকল্পের মৎস্যজীবি নারীদের নিয়ে ককসবাজার সদর উপজেলার কুরুশকুল, পিএমখালী ইউনিয়নে ১০টি ওয়ার্ডে মৎস্য দলে পরিকল্পনা সভা সম্পন্ন হয়।জেন্ডার আর্থসামাজিক ও পরিবেশগত বিষয় সহ ইউনিয়ন পরিষদের সরকারি সেবায় গুলো চিহ্নিত করে মৎস্যজীবি নারী সহ স্থানীয় পরামর্শদাতা কিশোরীরা ওয়ার্ড ভিত্তিক মৎস্য দলে বাষিক পরিকল্পনা তৈরী করেন।যাহার মাধ্যমে কোন মাসে পুরুষের পাশাপাশি নারী নেতৃত্ব গঠনে কাজ করতে পারে ,নারী উন্নয়নের লক্ষ্যে করোনা ভাইরাস প্রতিরোধে কিকি করনীয় তার একটি অংশগ্রহন মুলক ছক তৈরী করে নিজেদের মধ্যে পরিকল্পনা লিফলেট তৈরী করেন । সবাই যাতে মাক্স ব্যবহার করেন, সকল নিয়মকানুন পালন করে সামাজিক দূরত্ব মেনে চলার জন্য সকলকে সভাপতি অনুরোধ করেন ।প্রতিটি সাভায় স্থানীয় সরকারের প্রতিনিধি উপস্থিত ছিলেন,ওয়ার্ড ভিত্তিক মৎস্য দলে পরিকল্পনা সভায় সহায়ক ছিলেন কোস্ট ট্রাস্টের সহসমন্বয়কারি সোহেল মাহমুদ ।

## জেন্ডার ন্যায্যতা ও অধিকার বিষয়ক সচেতনতা সংলাপ অনুষ্ঠিত



কোস্ট ট্রাস্টের আয়োজনে দাতাসংস্থা সুইডবায়ো এর অর্থায়নে অংশীদারীত্বের ভিত্তিতে বাস্তবায়িত জেন্ডার এন্ড কোস্টাল এ্যাকুয়াকালচার প্রকল্পের মৎস্যজীবি নারী,ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ,কিশোর-কিশোরী স্থানীয় পরামর্শদাতা ২৮জন নিয়ে জেন্ডার ন্যায্যতা ও অধিকার বিষয়ক সচেতনতা সংলাপ অনুষ্ঠিত হয়।ধর্মীয়বানী পাঠের মাধ্যমে অদ্য১৯সেপ্টেস্বর ককসবাজার সদর উপজেলা কুরুশকুল ইউনিয়ন পরিষদ হল র“মে সকাল ৯টা হতে ১২টা জেন্ডার ন্যায্যতা ও অধিকার বিষয়ক সচেতনতা সংলাপ অনুষ্ঠিত হয়।সংলাপের শুরুতে প্রকল্পের কার্যক্রম সর্ম্পকে ও স্বাগত বক্তব্য দেন কোস্ট ট্রাস্টের সহ-সমন্বয়কারি সোহেল মাহমুদ সচেতনতা সংলাপে প্রধান সহায়ক ছিলেন,ভোলা সদর উপজেলার কুরুশকুল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো:জসিম উদ্দিন।সচেতনতা সংলাপ অনুষ্ঠান ইউনিয়ন পরিষদের সরকারি সেবা সর্ম্পকে আলোচনা করেনসকুরুশকুল ইউনিয়ন পরিষদের সচিব মো:আমিনুল হক জেন্ডার আর্থসামাজিক ও পরিবেশগত বিষয় সহ ইউনিয়ন পরিষদের সরকারি সেবায় নারিদের অংশগ্রহনে জন্য প্রধান সহায়ক অনুরোধ করেন ।তিনি বলেন, জেন্ডার ও নেতৃত্ব উন্নয়নে নারীদের এগিয়ে আসতে হবে, ইউনিয়ন




## করোনার সাথে জেলে পরিবারের বসবাস



"আমরা করোনাকে ভয় পাই না, সতর্ক থাকি" বললেন ষাট গম্বুজ ইউনিয়নের রণভুমি গ্রামের মুক্তা খাতুন। মুক্তা খাতুন স্বামী মোঃ শাহেদ আলী ও তার তিন ছেলে মেয়ে নিয়ে বাগেরহাট সদর উপজেলার ষাট গম্বুজ ইউনিয়নের রণভুমি গ্রামে বসবাস করেন। তার স্বামী মাছ ধরে স্থানীয় বাজারে তা বিক্রী করে সংসার চালান। করোনার কারণে বিশেষতঃ লক ডাউনের সময়ে সকলের মতো তারও জীবন-জীবিকা থমকে যায়। মাছধরা, বিপণন উত্যাদি সবই এক বিরাট ধাক্কা খায়। নিজেদেও জীবনাতঙ্ক এবং অন্যান্যদের থমকে যাওয়া জীবন জীবিকার প্রভাবে তাদের জীবিকাও পর্যদুস্ত হয়ে পড়ে।

এই পরিস্থিতিতে (Coast Trust GCA) এর অর্থায়নে উদয়ন-বাংলাদেশ পরিচালিত GCA প্রজেক্টের প্রকল্প কর্মকর্তা বাবু মলয় কুমার তালুকদারের সাথে তার আলাপ হয় এবং তার কথায় উদ্বুদ্ধ হয়ে উক্ত প্রকল্পের আওতায় সংগঠিত শাপলা গ্রুপে সদস্য হিসাবে অন্তর্ভূক্ত হন। পরবর্তীতে গ্রুপে লার্নিং সেশনের মাধ্যমে করোনা সম্পর্কে - করোনার উৎস, কিভাবে ছড়ায়, আমাদের শরীরে তার ক্ষতিকর প্রভাব, স্বাস্থ্যবিধি বা সংক্রামিত না হওয়ার উপায় যথা শারীরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পরিধান করা, নিয়মিত বিধিমত হাত ধোওয়া, বারবার লেবু পানি খাওয়া প্রভৃতি বিষয়ে জানতে পারেন। এই প্রাপ্ত তথ্য ও জ্ঞান তিনি পরিবারের সকলের সাথে শেয়ার করেন। সকলে মিলে তার এই স্বাস্থ্য বিধি মেনে চলার সিদ্ধান্ত নেয়। ক্রমে তাদের আতঙ্ক কমে আসে এবং ধীরে ধীরে তারা স্বাভাবিক জীবনে ফিরে আসে। মনোবল ফিরে পেয়ে তারা যেন নতুন জীবন লাভ করলেন।




## গবেষণার ফলাফল পর্যালোচনা সভা অনুষ্ঠিত

কোস্ট ট্রাস্টের আয়োজনে দাতাসংস্থা সুইডবায়ো এর অর্থায়নে অংশীদারীত্বের ভিত্তিতে বাস্তবায়িত জেন্ডার এন্ড কোস্টাল এ্যাকুয়াকালচার প্রকল্পের মৎস্যজীবি নারী, ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ, সরকারী বে-সরকারী কর্মকর্তা, সাংবাদিক, কিশোর-কিশোরী স্থানীয় পরামর্শদাতা ৪০জন নিয়ে মৎস্যজীবী পরিবারের সদস্যদের নিয়ে আয়োজিত কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সংস্থাটির সহকারী পরিচালক মো: জহিরুল ইসলাম কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ভোলার জেলা প্রশাসক মো: মাসুদ আলম সিদ্দিক, বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক ) সুজিত হাওলাদার সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আকিব ওসমান, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নুসরাত ফাতেমা চৌধুরী, এনডিসি মোহাম্মদ জাহিদুল ইসলাম কর্মশালায় সভাপতিত্ব করেন জেলা মৎস্য কর্মকর্তা এইচ এম আজাহারুল ইসলাম, কোস্ট ট্রাস্টের সমন্বয়কারী মো: মিজানুর রহমান মো: সিরাজুল ইসলাম, উপজেলা মৎস্য খামার ব্যবস্থাপক মো:জাকির হোসেন,ভেদুরিয়া ইউনিয়ন চেয়ারম্যান মো: তাজুল ইসলাম জেলা সির্ভিল সার্জন সহকারী ডা: ফারজানা খায়ের জুটি,প্রবীন সাংবাদিক আবু তাহের, উপজেলা শিক্ষা কর্মকর্তা, প্রাণী সম্পদ কর্মকর্তা, কৃষি কর্মকর্তা উপস্থিত ছিলেন। কর্মশালায় প্রধান অতিথি বলেন নারীদের কর্মক্ষেএ বাড়াতে হবে ,তাহলেই দেশ এগিয়ে যাবে, বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক ( সার্বিক ) সুজিত হাওলাদার বলেন, কোস্ট ট্রাস্টের জেন্ডার এন্ড কোস্টাল এ্যাকুয়াকালচার প্রকল্পের কর্মশালায় নারী উদ্যোক্তারা তাদের স্বাবলম্বী হিসেবে গড়ে তুলতে গ্রামগঞ্জে ব্যাপক উন্নয়ন প্রকল্প তৈরির আহবান জানান।

মাসিক টার্গেট অর্জন : সেপ্টম্বর ২০২০

| ক্র: নং | কাজ | টার্গেট | অর্জন |
|---|---|---|---|
| ০১ | পরিকল্পনা সভা | ৩ | ৩ |
| ০২ | নারী নেটওয়ার্ক (কমিটি গঠন) | ৩ | ৩ |
| ০৩ | গ্রুপ মিটিং ( করোনা প্রতিরোধে করনীয়। | ১০ | ১০ |
| ০৪ | ইউনিয়ন কমিউনিটি ডায়লগ | ২ | ২ |
| ০৫ | ইউনিয়ন পারিকল্পনা সভা | ২ | ২ |
| ০৬ | উপজেলা কমিউনিটি ডায়লগ | ১ | ১ |
| ০৭ | জেলা কমিউনিটি ডায়লগ | ১ | ১ |
| ০৮ | মৎস্যজীবি পরিবার ওয়ার্কসপ | ১ | ১ |
| ০৯ | কমিউনিটি ডায়লগ | ১০ | ১০ |


**প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগ:**

**মোঃ জহিরুল ইসলাম**

**সহকারী পরিচালক**

**কোস্ট ট্রাস্ট,**

**মোবাইল: ০১৭১৩-৩২৮৪৩১**

**Email: jahirul.coast@gmail.com**

**www.coastbd.net**